

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০৩৬.২০১৪

তারিখঃ .০১.২০১৭ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক বোর্ডের জন্য রাজস্বখাতে পদ সৃজন।

আদিষ্ট হয়ে বাংলাদেশ ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক বোর্ডের জন্য রাজস্বখাতে ক্যাডার বর্হিভূত ১১টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

পদগুলো নিম্নরূপঃ

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০০৯	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
পরীক্ষণ শাখাঃ				
১	সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক	০১	টা: ৮০০০-১৬৫৪০ (১০ নং গ্রেড)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক. শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণী ব্যতীত কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; খ. পরীক্ষা নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার। পদোন্নতির ক্ষেত্রে: শাখা কর্মকর্তা পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরি।
২	শাখা কর্মকর্তা (ইউনানী/আয়ুর্বেদিক)	০২	টা: ৮০০০-১৬৫৪০ (১০ নং গ্রেড)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক. শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণী ব্যতীত কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রী। পদোন্নতির ক্ষেত্রে: উচ্চমান সহকারী/সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদমর্যাদায় ১০ (দশ) বৎসরের চাকরি।
৩	উচ্চমান সহকারী	০১	টা: ৫২০০-১১২৩৫ (১৪ নং গ্রেড)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী। পদোন্নতির ক্ষেত্রে: নিম্নমান সহকারী কাম মুদ্রাস্করিক/নিম্নমান সহকারী/ক্যাশিয়ার/স্টোর কিপার পদে ১০ (দশ) বৎসরের চাকরি।
৪	গোপনীয় সহকারী	০২	টা: ৫২০০-১১২৩৫ (১৪ নং গ্রেড)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী। অবশ্যই কম্পিউটার পরিচালনা ও টাইপিং এ দক্ষতা থাকতে হবে।
রেজিস্ট্রেশন শাখাঃ				
১	সহকারী রেজিস্ট্রার	০১	টা: ১১০০০-২০৩৭০ (৯ নং গ্রেড)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক. শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণী ব্যতীত কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী

				অথবা ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী; খ.রেজিস্ট্রেশন/প্রশাসনিক সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার। পদোন্নতির ক্ষেত্রে: শাখা কর্মকর্তা পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরি।
২	শাখা কর্মকর্তা (ইউনানী /আয়ুর্বেদিক)	০২	টা: ৮০০০-১৬৫৪০ (১০ নং গ্রেড)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক.শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণী ব্যতীত কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রী; পদোন্নতির ক্ষেত্রে: উচ্চমান সহকারী/সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদমর্যাদায় ১০ (দশ) বৎসরের চাকরি।
৩	উচ্চমান সহকারী	০১	টা: ৫২০০-১১২৩৫ (১৪ নং গ্রেড)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী। পদোন্নতির ক্ষেত্রে: নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক/নিম্নমান সহকারী/ক্যাশিয়ার/স্টোর কিপার পদে ১০ (দশ) বৎসরের চাকরি।
৪	কম্পিউটার অপারেটর	০১	টা: ৫৫০০-১২০৯৫ (১৩ নং গ্রেড) Tk 400-825 (টা: ৫৫০০-১২০৯৫) shall be allowed to Graduate direct fresh recruits before adequate in services deptt. Training (টা: ৬৪০০-১৪২৫৫) (১১ নং গ্রেড) Tk 470-1135 (টা: ৬৪০০-১৪২৫৫) shall be allowed from the date the direct recruits pass the in service deptt. Training	The Computer Personnel (Government And Local Authorities) Recruitment Rules, 1985 এর তফসিলের ক্রমিক-১৩ অনুযায়ী।
	মোট=	১১		

- ৩। উপরের ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা সাপেক্ষে কার্যকর হবে।
- ৪। এ পদ সৃষ্টিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১.০৬.২০১৫ তারিখের ০৫.১৫৯.০১৫.৪৫.০০.০৩১.২০১৩-২১৯নং, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৮.০৩.২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১২৮.৪৫.০০২.১৪-৩৭ নং স্মারকের সম্মতি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০৮-১২-২০১৬ তারিখে অনুষ্ঠিত ১৯শ সভার সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।
- ৫। বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ অন্তর্ভুক্ত করে অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।
- ৬। উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড হতে মিটানো হবে।

রোকেয়া বেগম
উপসচিব
ফোন-৯৫৪৫১৩৪



নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০৩৬.২০১৪

তারিখঃ .০১.২০১৭ খ্রিঃ

অনুলিপি ০৩ (তিন) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অধিশাখা-৩, রাষ্ট্রায়ত্ত্ব অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করা হলো। এর ১(এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

রোকেয়া বেগম
উপসচিব

নং-০৭.০০.০০০০.১২৮.৪৫.০০২.১৪-

তারিখঃ .০১.২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।


উপসচিব
রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অধিশাখা-৩,
রাষ্ট্রায়ত্ত্ব অনুবিভাগ,
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০৩৬.২০১৪ - ৬৬/১(৫)

তারিখঃ ০৩.০১.২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (জনস্বাস্থ্য-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। রেজিস্ট্রার/সচিব, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন, ইন্দিরা রোড, ঢাকা-১২১৫।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে সরকারী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


রোকেয়া বেগম
উপ সচিব